# Third Summative Test - 2024 **B**

**Class - IX** **History** **F.M. - 90**

## বিভাগ – ক

১। **সঠিক উত্তরটি নির্বাচন কর ঃ—** ১×২০

ক) "লেতর দ্য ক্যাশে" হল — অধিকারপত্র / গ্রেফতারি পরোয়ানা / গির্জার নির্দেশনামা / পোপের আদেশনামা।

খ) যে আদর্শটি ফরাসি বিপ্লবের মুল আদর্শ নয় — স্বাধীনতা/ সাম্য / মৈত্রী / ধর্মনিরপেক্ষতা।

গ) ফ্রান্সে দ্বিতীয় প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছিল —১৮৩৫ খ্রিস্টাব্দে/১৮৪৮ খ্রিস্টাব্দে/১৮৫৬ খ্রিস্টাব্দে/১৮৭০ খ্রিস্টাব্দে।

ঘ) লিপজিগের যুদ্ধ (১৮১৩ খ্রিস্টাব্দ) অন্য যে নামে পরিচিত — ইউরোপের যুদ্ধ/ করস্ট্যাডের যুদ্ধ / জাতিসমূহের যুদ্ধ / শতদিবসের যুদ্ধ।

ঙ) অর্ডারস ইন কাউন্সিল জারি করে — রাশিয়া / ইংল্যাণ্ড / ফ্রান্স / প্রাশিয়া।

চ) নেপোলিয়ন স্পেন দখল করে সেখানের সিংহাসনে বসান — মার্শাল জুনোকে / মিউরাহকে / জোসেফ বোনাপার্টিকে / ইউজিনকে।

ছ) ইতালির ঐক্যের পথে সবথেকে বড়ো বাধা ছিল — প্রাশিয়া / ফ্রান্স / রাশিয়া / অস্ট্রিয়া।

জ) গ্রিসের স্বাধীনতা সংগ্রামের সঙ্গে যুক্ত সমিতিটির নাম হল — কার্বোনারি/ হেটাইরিয়া ফিলিকে / ইয়ং ইতালি / জোলভেরাইন।

ঝ) ভিয়েনা সম্মেলনের সিদ্ধান্তের ভিত্তিতে ফ্রান্সের সিংহাসনে বসেন — দশম চার্লস/ সপ্তদশ লুই / অষ্টাদশ লুই / লুই ফিলিপ।

ঞ) চিন সম্পর্কে মুক্তদ্বার নীতি ঘোষণা করেছিল — ইংল্যাণ্ড / ফ্রান্স / জার্মানী/ মার্কিন যুক্তরাষ্ট্র।

ট) কার্ল মার্কসের বিখ্যাত গ্রন্থটি হল — ডিভাইন কমেডি / দাস ক্যাপিটাল / টু স্টেটস / ম্যাকবেথ।

ঠ) চার্লস ফুরিয়ার হলেন একজন — বিজ্ঞানী / ইতিহাসবিদ / সমাজতন্ত্রী / ইংল্যাণ্ডের প্রধানমন্ত্রী।

ড) "নতুন অর্থনৈতিক নীতি"র প্রবর্তক হলেন — ক্রুশ্চেভ / কেরেনেস্কি / ট্রটস্কি / লেনিন।

ঢ) "বলশেভিক" কথার অর্থ — চরমপন্থী / নরমপন্থী / সংখ্যাগরিষ্ঠ অংশ / সংখ্যালঘিষ্ঠ অংশ।

ণ) স্পেনে একনায়কতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন — লেনিন/ অ্যাডলফ হিটলার / হিদেকি তেজো / জেনারেল ফ্রাঙ্কো।

ত) চেম্বারলেন ছিলেন — ব্রিটিশ প্রধানমন্ত্রী/ রুশ প্রধানমন্ত্রী / মার্কিন প্রেসিডেন্ট / ফরাসি প্রধানমন্ত্রী।

থ) "তৃতীয় বিশ্ব" কথাটি প্রথম ব্যবহার করেন — জওহরলাল নেহেরু / উড্রো উইলসন / ফ্রানজ ফ্যালন / লেনিন।

দ) দ্বিতীয় বিশ্বযুদ্ধে পরমাণু বোমা ব্যবহার করে — চিন / রাশিয়া / মার্কিন যুক্তরাষ্ট্র / ইটালি।

ধ) জাতিসংঘের জনক হিসাবে চিহ্নিত করা হয় — উড্রো উইলসনকে / ট্রিগডি-লি-কে/ চার্লস ডয়েসকে / রুজভেল্টকে।

ন) সম্মিলিত জাতিপুঞ্জের প্রতিষ্ঠা হয় — সানফ্রান্সিসকো শহরে / নিউইয়র্ক শহরে / হেগ শহরে / জেনেভা শহরে।

বিভাগ – খ

২। **প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি করে নিয়ে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও ঃ—** ১×১৬

**উপবিভাগ – খ.১ (একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও)**

ক) অ্যাসাইনেট কী ?

খ) ফরাসি জাতীয় সভার নাম কী ?

গ) "ব্রিটিশ সমাজতন্ত্রবাদের জনক" বলা হয় কাকে ?

ঘ) যুদ্ধের ক্ষেত্রে পোড়ামাটির নীতি কোন্ দেশ গ্রহণ করত ?

**উপবিভাগ — খ.২ (সত্য / মিথ্যা নির্ণয় কর)**

ঙ) প্রথম আফিম যুদ্ধের পর চিন নানকিং এর সন্ধি স্বাক্ষরে বাধ্য হয়।

চ) ভিয়েনা সম্মেলনের উদ্দেশ্য ছিল পুরাতনতন্ত্রের প্রতিষ্ঠা।

ছ) নেপোলিয়ন মস্কো অভিযানে শেষপর্যন্ত জয়লাভ করেন।

জ) বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দা সোভিয়েত রাশিয়াকে ক্ষতিগ্রস্ত করতে পারেনি।

**উপবিভাগ — খ.৩ (বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো।)**

ঝ) বিবৃতি ঃ এমস টেলিগ্রাম এর ঘটনাকে কেন্দ্র করে ফ্রান্স ও প্রাশিয়ার যুদ্ধ শুরু হয়।

ব্যাখ্যা ১ ঃ প্রাশিয়া ফ্রান্সের প্রস্তাব প্রত্যাখ্যান করে এমস টেলিগ্রামের মাধ্যমে।

ব্যাখ্যা ২ ঃ কূটকৌশলী বিসমার্ক অসম্পূর্ণ ও বিকৃত টেলিগ্রামটি খবরের কাগজে প্রকাশ করেন।

ব্যাখ্যা ৩ ঃ প্রাশিয়ার রাজা ফরাসি রাষ্ট্রদূতকে অপমান করেন।

ঞ) বিবৃতি ঃ প্রথম বিশ্বযুদ্ধের পর জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়।

ব্যাখ্যা ১ ঃ বিশ্বশান্তি প্রতিষ্ঠা করা ছিল জাতিসংঘ প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য।

ব্যাখ্যা ২ ঃ মানুষের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটানোই ছিল জাতিসংঘ প্রতিষ্ঠার মুল উদ্দেশ্য।

ব্যাখ্যা ৩ ঃ আন্তর্জাতিক আইন চালু করাই ছিল জাতিসংঘ প্রতিষ্ঠার মুল উদ্দেশ্য।

ট) বিবৃতি ঃ নেপোলিয়ন মহাদেশীয় ব্যবস্থা প্রবর্তন করেন।

ব্যাখ্যা ১ ঃ ইংল্যাণ্ডকে পর্যদুস্ত করার জন্য।

ব্যাখ্যা ২ ঃ ইংল্যাণ্ডের অর্থনৈতিক উন্নতির জন্য।

ব্যাখ্যা ৩ ঃ সাম্রাজ্য বিস্তারের ক্ষেত্রে ইংল্যাণ্ডের প্রতিদ্বন্দ্বী হয়ে উঠতে।

ঠ) বিবৃতি ঃ ১৯৩৯ খ্রিষ্টাব্দে জার্মানি পোল্যাণ্ড আক্রমণ করে।

ব্যাখ্যা ১ ঃ এর ফলে জাতিসংঘের অস্তিত্ব বিপন্ন হয়।

ব্যাখ্যা ২ ঃ এর ফলে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়।

ব্যাখ্যা ৩ ঃ এর ফলে পুলিশ করিডোর ভেঙে পড়ে।

**উপবিভাগ — খ.৪ (ক স্তম্ভের সঙ্গে খ স্তম্ভ মিলাও)**

| ক- স্তম্ভ | খ স্তম্ভ |
|---|---|
| ড) হিরোশিমা -নাগাসাকি | ১। ইংল্যাণ্ড |
| ঢ) শিল্পবিপ্লব | ২। দশম চার্লস |
| ণ) জুলাই বিপ্লব | ৩। জাপান |
| ত) দ্বিতীয় জাস্টিনিয়ান | ৪। কোড নেপোলিয়ন |

**উপবিভাগ — খ.৫ (শূন্যস্থান পূরণ কর)**

থ) নেপোলিয়ন ....... খ্রিষ্টাব্দে সম্রাট পদ লাভ করে।

দ) "ইয়ং ইতালি" আন্দোলনের নেতৃত্ব দেন .......।

ধ) স্ট্যালিনগ্রাডের যুদ্ধে জার্মান সেনাপতি ছিলেন .....।

ন) সম্মিলিত জাতিপুঞ্জের প্রতিষ্ঠা দিবস হল ......।

## বিভাগ — গ

৩। **দু-তিনটি বাক্যে উত্তর দাও ঃ— (১১টি)** ২×১১

ক) "টাইদ" ও "করভি" কোন্ ধরণের কর ?

খ) ফ্রান্সকে "রাজনেতিক কারাগার" বলা হয় কেন ?

গ) নীলনদের যুদ্ধ কবে, কাদের মধ্যে হয়েছিল ?

ঘ) "শতদিবসের রাজত্ব" কী ?

ঙ) "উষ্ণ-জল নীতি" কী ?

চ) জুলাই অর্ডিন্যান্স কী ?

ছ) ঘেটো কী ?

জ) "বাণিজ্যিক মুলধন" কী ?

ঝ) "এপ্রিল থিসিসের" মুল বক্তব্য কী ছিল ?

ঞ) গণতন্ত্রের সঙ্গে ফ্যাসিবাদের দুটি পার্থক্য লেখো।

ট) ট্রুম্যান নীতি কী ?

ঠ) "পোলিশ করিডর" কী ?

ড) ভেটো বলতে কী বোঝায় ?

ঢ) লিগের গঠন সম্পর্কে কী জান ?

## বিভাগ – ঘ

৪। সাত-আটটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ— ৪×৬

ক) মানুষ ও নাগরিকদের অধিকার ঘোষণাপত্র এব ওপব সংক্ষিপ্ত টীকা লেখ।

অথবা টীকা লেখ ঃ—সন্ত্রাসের শাসন।

খ) নেপোলিয়ন কীভাবে জার্মানীকে পুনর্গঠন করেন ?

অথবা নেপোলিয়নের পতনে রাশিয়া অভিযানের ভূমিকা বিশ্লেষণ করো।

গ) ফেব্রুয়ারী বিপ্লবের কারণ ও ফলাফল সম্পর্কে লেখ।

অথবা কীভাবে বলকান জাতীয়তাবাদের উত্থান ঘটে ?

ঘ) "ভারত ব্রিটিশ সাম্রাজ্যের রত্ন"— এই উক্তির যথার্থতা উল্লেখ করো।

অথবা "সেরাজেভো হত্যাকাণ্ড" কী ?

ঙ) ভার্সাই চুক্তির অর্থনৈতিক শর্তাবলী সম্পর্কে কী জান ?

অথবা টীকা লেখ ঃ— নতুন অর্থনৈতিক নীতি।

চ) "ক্যাশ অ্যাণ্ড ক্যারি" সম্পর্কে কী জান ?

অথবা টীকা লেখ ঃ— অপারেশন বারবারোসা।

## বিভাগ – ঙ

৫। পনেরো ষোলটি বাক্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ— ৮×১

ক) মহাদেশীয় অববোধ কাকে বলে ? কীভাবে এই ব্যবস্থা কার্যকর করা হয়েছিল। ৩+৫

খ) ইংল্যাণ্ডে সর্বপ্রথম শিল্পবিপ্লবের কারণগুলি কী ছিল ?

গ) বিশ্ব ইতিহাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রভাব সম্পর্কে যা জান লেখ।